

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিচার শাখা-৭
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।
ফরম 'খ' :
নিকাহ রেজিস্ট্রারের লাইসেন্স
[বিধি ৬(৯) এবং ১০ দ্রষ্টব্য]

নং বিচার-৭/২এন-১২৯/৭৮-৬-২
প্রতি,

তারিখঃ ১৮/০২/২০১৯ খ্রিঃ

জনাব মোঃ মনজুরুল ইসলাম,
পিতা-মোঃ ফজলুর রহমান,
মাতা-সেলিনা রহমান,
পোঃ সফিপুর কালিয়াকৈর পৌরসভা, ওয়ার্ড নং-০৭,
উপজেলা-কালিয়াকৈর, জেলা-গাজীপুর।

জন্ম তারিখঃ-২০/১২/১৯৯২খ্রিঃ

মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাজীপুর জেলার কালিয়াকৈর পৌরসভার ৭ ও ৮নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষষ্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ

(বুলবুল আহমেদ)

সিনিয়র সহকারী সচিব

বিচার শাখা-৭

ফোন-৯৫৫৮২৮৭।

নং বিচার-৭/২এন-১২৯/৭৮-

তারিখঃ ১৮/০২/২০১৯ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইলোঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

০১। মহা-পরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।

০২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

০৪। উপ-পরিচালক, ফরমস এন্ড পাবলিকেশন, তেজগাঁও, ঢাকা।

(উপরোক্ত আদেশটি বাংলাদেশ গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হইল)

০৫। জেলা-রেজিস্ট্রার, গাজীপুর।

০৬। সহকারী পরিচালক, ফরমস এন্ড পাবলিকেশন, আঞ্চলিক অফিস, ঢাকা।

০৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হইল)।

০৮। অফিস কপি।

(বুলবুল আহমেদ)

সিনিয়র সহকারী সচিব

বিচার শাখা-৭